CENTRAL LIBRARY

ভারতীয় বনৌষধি

ডক্টর শ্রীকালীপদ বিশ্বাস

এম. এ., ডি. এস-সি. (এডিন), এফ. আর. এস. ই, এফ. এন্. এ,
ভূতপূর্ব সুপারিন্‌টেণ্ডেন্ট, রয়েল বোটানিক্ গার্ডেন, কলিকাতা এবং উদ্ভিদ্ বিজ্ঞানের
অনারারী অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

ও

শ্রীএককড়ি ঘোষ

রয়েল বোটানিক্ গার্ডেন পুস্তকাগারের ভূতপূর্ব কর্মচারী

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

দ্বিতীয় সংস্করণ

স্বর্ণ খণ্ড

সম্পূর্ণ নূতন ধারায় পরিবর্দ্ধিত সংস্করণ

মুখ্য সম্পাদিকা

অধ্যাপিকা ডঃ অসীমা চট্টোপাধ্যায়

ডি. এস্-সি., এফ. এন্. এ., ডীন্ অফ দি ফ্যাকাল্‌টি অফ সায়েন্স,
ইউনিভারসিটি কলেজ অফ্ সায়েন্স, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

যুগ্ম সম্পাদক

ডঃ তারকেশ্বর চক্রবর্ত্তী, পি. এইচ. ডি., ডি. ফিল্,
অধ্যাপক কলিকাতা ট্রপিক্যাল্ স্কুল অফ্ মেডিসিন্।

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৯৭৭

CENTRAL LIBRARY

মূল্য—৩০·০০ টাকা

759.2
005/85B
V.6
ed.2
G 4660

BCU 2817

PRINTED IN INDIA
PUBLISHED BY SUPERINTENDENT
CALCUTTA UNIVERSITY PRESS, 48, HAZRA ROAD,
BALLYGUNGE, CALCUTTA.
PRINTED BY : UMA BASAK, NARAYAN PRESS,
107/2, RAJA RAMMOHAN SARANI, CALCUTTA-9

CENTRAL LIBRARY

ভূমিকা

ভারতীয় বনৌষধি প্রাচীন কাল থেকেই ভৈষজ্য বিধানের ইতিহাসে এক নূতন অধ্যায় সংযোজন করেছে। নানা গাছগাছড়ার সাহায্যে রোগ উপশম ও রোগ নিরাময়ের ক্ষমতা আদিম মানুষের কাছেও অবিদিত ছিল না। আনুমানিক সাড়ে চার/পাঁচ হাজার বৎসর পূর্বেই আমাদের আর্ষপিতামহগণ বনৌষধির গুণাগুণ জানতেন এবং তৎকালীন বিজ্ঞানসম্মত উপায়ে তাঁরাও বনজ সম্পদ থেকে নানাবিধ ভেষজ প্রস্তুত করে জনসেবায় নিয়োগ করতেন। সেগুলি বিস্তারিত-ভাবে লিপিবদ্ধ করার আদর্শ-গ্রন্থ পূর্বাচার্যগণের হস্তগত হয়েছিল কিনা তেমন ইতিহাস না-পেলেও বলা যায়, ভারতের প্রাচীনতম আয়ুর্বেদের নানা সংহিতা গ্রন্থেই বেশ একটা সুসংহত ভেষজ চিন্তনার দৃষ্টিকে বহু উন্নত বিজ্ঞানের আদর্শ হিসাবে গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রাপ্তব্য গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে—চরক ও সুশ্রুত সংহিতা এবং খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের বাগ্‌ভট সংহিতা, অষ্টাঙ্গ হৃদয়। তা ছাড়া ধন্বন্তরীয় নিঘণ্টু, রাজবল্লভ ও মদনপাল নিঘণ্টুও এসম্পর্কে আমাদের বহু তথ্যের সন্ধান দেয়। পরবর্তীকালে অমরকোষ গ্রন্থটিতেও বেশ কিছু বনৌষধির নাম উল্লিখিত আছে। যে সকল বনৌষধি বিভিন্ন দেশ থেকে এদেশে আমদানি হয়েছে—তার সঙ্গে আয়ুর্বেদ শাস্ত্রোক্ত প্রাচীন বনৌষধিগুলিকে একত্র সংগ্রহ করে শ্লোকাকারে বা অভিধানাকারে এই গ্রন্থের অন্য কয়েক ভাগে বর্ণনা করা হয়েছে।

আরো বলা যায় ভারতীয় বনৌষধির সুনাম শুধু ভারতেই সীমাবদ্ধ ছিল না। চীন, জাপান, কোরিয়া, অষ্ট্রেলিয়া, আরব, মিশর, ইরান (প্রাচীন নাম পহ্লবদেশ), গ্রীস, রোম প্রভৃতি প্রাচ্য ও পাশ্চাত্য ভূখণ্ডেও ভারতীয় বনৌষধির প্রখ্যাতির প্রসার হয়েছিল। ভারত থেকে যে প্রচুর পরিমাণে ভেষজ বিদেশে রপ্তানি হত তার প্রমাণ পাওয়া যায় রোমের একজন শ্রেষ্ঠ রাষ্ট্রনায়ক প্লিনির উক্তি থেকে। তিনি দুঃখ করে বলেছিলেন যে, "রোমের বহু সোনা ভারতে চলে যাচ্ছে"। কারণ তখন সোনার বিনিময়ে ভেষজ কিনতে হত।

সম্রাট অশোকের রাজত্বকালে ভারতীয় বনৌষধি চিকিৎসা-শাস্ত্রে শীর্ষস্থান অধিকার করেছিল। কিন্তু বৃটিশ আমলে আয়ুর্বেদীয় চিকিৎসা-পদ্ধতির অবলুপ্তি না ঘটলেও তার যথোচিত সমাদর দেওয়া হয় নি—যদিও পাশ্চাত্যে বহু ঔষধ গাছগাছড়া থেকে নির্যাসিত ও শোধিত এবং রাসায়নিক পদ্ধতিতে তৈরী হয়। আজও বহু বনৌষধির যথাযোগ্য বিকল্প আবিষ্কৃত হয় নি। কিন্তু এই পদ্ধতিগুলি অপেক্ষাকৃত ব্যয়সাধ্য এবং সংশ্লেষিত (synthetic) ভেষজগুলির অনেকরকম বিষক্রিয়া এবং পার্শ্বক্রিয়া থাকে যা শরীরের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। কিন্তু বনৌষধির নির্যাসে প্রস্তুত এইরূপ ঔষধে তেমন বিষক্রিয়া পরিলক্ষিত হয় না। তাই আজ সমগ্র বিশ্বের মানুষ বিশেষভাবে উপলব্ধি করতে পেরেছেন যে, অবহেলিত এই বনজ সম্পদ থেকে আধুনিক বিজ্ঞানের ভিত্তিতে ভেষজ তৈরী করে বিশ্বকল্যাণে নিয়োজিত করা

CENTRAL LIBRARY

বিশেষ প্রয়োজন। সারা বিশ্বে আলোড়ন সৃষ্টি করেছে ভারতীয় বনৌষধি। ভারতীয় বনৌষধি সম্বন্ধে জানবার আগ্রহ ও অনুসন্ধিৎসা জেগে উঠেছে দেশবিদেশের ভেষজ-বিজ্ঞানীদের। তাঁরা আসছেন এই অনন্ত উদ্ভিদ-ভাণ্ডারের সন্ধানে।

মানুষের প্রতিদিনের জীবনের সঙ্গে অঙ্গেস্থভাবে জড়িত হয়ে রয়েছে লতা, গুল্মাদি ও বৃক্ষজগৎ। এই প্রাকৃতিক সম্পদ থেকে যে সব বনৌষধি আবিষ্কৃত হয়েছে তার বিশদ বিবরণ ও প্রয়োজনীয়তা ইতিপূর্বে পঞ্চম খণ্ডে প্রকাশিত হয়েছে। বর্তমান যুগে আধুনিক বিজ্ঞানসম্মত উপায়ে বিভিন্ন বনৌষধির উপর গবেষণা করে যে সব গুণবার্তা আবিষ্কৃত হয়েছে এবং বর্তমান চিকিৎসা জগতে সুনাম অর্জন করেছে অথচ আয়ুর্বেদশাস্ত্রে তাদের উল্লেখ নেই—সেইসব বনৌষধির বিবরণ দেওয়া হয়েছে এই পুস্তকে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে নয়নতারার কথা। এই গাছ থেকে প্রায় দুশোটি উপক্ষার (Alkaloid) পাওয়া গেছে। তার মধ্যে কয়েকটি ক্যানসারের, বিশেষ করে ব্লাড ক্যানসার (Leukemia) এবং ভ্রূণ সংযোজিতা উদ্ভূত ক্যানসার (choriocarcinoma)-এর মত দুরারোগ্য ব্যাধির নিরাময়ের জন্য চিকিৎসা জগতে ব্যাপকভাবে প্রয়োগ করা হচ্ছে। এইরকম কয়েকটি বিশেষ প্রয়োজনীয় বনৌষধির সম্বন্ধে তথ্য সংগ্রহ করে জনসাধারণের অবগতির জন্য ষষ্ঠ খণ্ডে প্রকাশ করা হ'ল।

এই ষষ্ঠ-খণ্ডটির সংযোজনার কাজে যাঁরা সহায়তা করেছেন তাঁদের মধ্যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কলেজের ডঃ প্রফুল্লচন্দ্র দত্ত, কলিকাতা রিজিওন্যাল রিসার্চ ইনস্টিটিউটের ডঃ সীতেশরঞ্জন দাস, কবিরাজ তেজেন্দ্রকুমার সরকার এবং শ্রীযুক্ত শিবকালী ভট্টাচার্যের নাম উল্লেখযোগ্য। তাঁদের জানাই আন্তরিক কৃতজ্ঞতা। সর্বোপরি আয়ুর্বেদসেবী ও আয়ুর্বেদ-অনুরাগী জনসাধারণ ও গবেষকগণ এই পুস্তকটি পাঠ করে যদি উপকৃত হন, তা হলেই এই গ্রন্থের সংকলকবৃন্দের সকল প্রচেষ্টা সার্থক হবে।

অসীমা চট্টোপাধ্যায়

CENTRAL LIBRARY

ভারতীয় বনৌষধি

[শিল্প ও সরবরাহ-সচিব মাননীয়
ডক্টর শ্রীশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়
এম. এ., বি. এল., ডি. লিট., এল-এল. ডি., ব্যারিষ্টার-এট-ল
মহোদয়-লিখিত ভূমিকা-সম্বলিত]

ডক্টর শ্রীকালীপদ বিশ্বাস

এম. এ, ডি. এস-সি. (এডিন), এফ. আর. এস. ই., এফ. এন. এ.
সুপারিন্‌টেণ্ডণ্ট, রয়েল বোটানিক্ গার্ডেন, কলিকাতা এবং উদ্ভিদ্ বিজ্ঞানের
অনারারী অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়

ও

শ্রীএককড়ি ঘোষ

রয়েল বোটানিক্ গার্ডেন পুস্তকাগারের ভূতপূর্ব কর্মচারী

কলিকাতা বিশ্ববিদ্যালয়
১৯৫০

মূল্য ১২ টাকা

CENTRAL LIBRARY

PRINTED IN INDIA
PRINTED AND PUBLISHED BY SIBENDRANATH KANJILAL,
SUPERINTENDENT (OFFG) CALCUTTA UNIVERSITY PRESS,
48, HAZRA ROAD, BULLYGUNGE, CALCUTTA.

1034B—C. U. PRESS—MARCH, 1950—GE.

ভূমিকা

"ভারতীয় বনৌষধি" প্রায় ১৩ বৎসর পরে কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত হইল। অনিবার্য্য কারণে এই পুস্তক ছাপিতে বিলম্ব হইয়াছে। যুদ্ধের সময়ে ও তাহার পর বহু অসুবিধার ভিতর দিয়া এই সুবৃহৎ পুস্তকখানির কষ্টসাধ্য ছাপানর কাজ যে এতদিনে শেষ হইল ইহা আনন্দের বিষয়। উদ্ভিদের বর্ণনা এই পুস্তকে বঙ্গভাষার যথাযথ বৈজ্ঞানিক পরিভাষা-অবলম্বনে লিখিত হইয়াছে। তবে উদ্ভিদবেত্তাদের জন্য প্রত্যেক গাছের সর্ব্বসম্মত বিশুদ্ধ বৈজ্ঞানিক ল্যাটিন নাম দেওয়া হইয়াছে এবং জনসাধারণের সুবিধার জন্য ও ভারতের অন্যান্য প্রদেশের পরিচয়ের জন্য বিভিন্ন প্রদেশে প্রচলিত নামও উল্লেখ করা হইয়াছে। সুতরাং ঔষধের গাছ চেনা কোনরূপ কষ্টসাধ্য হইবে না।

আমাদের দেশে অনেক সময়ে চিকিৎসকেরা ঠিক গাছের সন্ধান পান না অথবা গাছের সঠিক পরিচয় আধুনিক বিজ্ঞানসম্মত উপায়ে জানা তাঁহাদের পক্ষে সম্ভবপর হয় না। সরল বাংলায় লতাপাতার বর্ণনা ও গুণাগুণ লিখিত হইলে সাধারণ লোকেরাও গাছের ও ঔষধির সম্যক্ পরিচয় পাইতে পারেন। প্রত্যেক গাছের জন্মস্থান উল্লেখ করায় যে কোন গাছ দরকারের সময়ে অনায়াসেই পাওয়া যাইতে পারে। ছবির সাহায্যে গাছ চিনিবারও কোন অসুবিধা হইবে না। এই সকল কারণে ও আমাদের এই লুপ্ত সম্পদ পুনরুদ্ধার করিবার কার্য্যে—সাহায্য করিতে বহুদিন পূর্ব্বে আমার বন্ধু শ্রীকালীপদ বিশ্বাসকে বাংলা ভাষায় এই পুস্তক লিখিতে অনুরোধ করি।

হিমাচলে বহু ঔষধের গাছের চাষ করা খুবই সম্ভবপর। কালীপদবাবুর হিসাবে প্রায় শতকরা ৭০ ভাগ বিদেশীয় ঔষধের গাছের—যেমন ডিজিটালিস, কুইনাইন, ইপিকাকুয়ানা, বেলেডোনা, হায়াসিয়ামস্, লোবেলিয়া প্রভৃতির চাষ সহজেই করা যাইতে পারে এবং এই সকল গাছ হইতে কলকারখানায় ঔষধ প্রস্তুত হইতে পারে। আশা করা যায় যে যাবতীয় দেশীয় ও বিদেশীয় গাছের পদার্থ ও উপযোগিতা বিশদভাবে গবেষণা করিয়াও এই সব উদ্ভিদ্ হইতে ঔষধ তৈয়ারী করিয়া স্বাধীন ভারত দেশের দশের ও সমগ্র মানবজাতির মঙ্গলবিধানে অচিরে সমর্থ হইবে। আমি নিঃসন্দেহে বলিতে পারি এই পুস্তক এই মহৎ উদ্দেশ্য-সাধনে যথেষ্ট সাহায্য করিবে।

৪, কিং এডওয়ার্ড রোড,
নিউ দিল্লী
১০ই জুলাই, ১৯৪৯

CENTRAL LIBRARY

পূর্বভাষ

অতি প্রাচীন কাল হইতে বেদজ্ঞ ঋষিগণ ভারতবর্ষের ভৈষজ্যের গুণাগুণ-সম্বন্ধে বিশেষ অভিজ্ঞ ছিলেন। অথর্ববেদ উহার একটী জাজ্বল্যমান প্রমাণ। এই অথর্ববেদ হইতেই ধন্বন্তরি-লিখিত আয়ুর্বেদের উদ্ভব। পরবর্তী সময়ে মহর্ষি আত্রেয়, ভরদ্বাজ ও অগ্নিবেশ প্রভৃতি ঋষিগণ আয়ুর্বেদীয় অধ্যাপকরূপে কয়েকখানি চিকিৎসা-গ্রন্থ প্রণয়ন করেন। তাঁহাদের গ্রন্থসমূহ হইতে মহর্ষি চরক ব্যাধিপীড়িত জনগণের হিতার্থে চরক-সংহিতা নামক অমূল্য গ্রন্থ রচনা করেন।

কথিত আছে যে দেববৈদ্য ধন্বন্তরি কাশীরাজ-গৃহে দিবোদাস নামে জন্মগ্রহণ করায় মহর্ষি বিশ্বামিত্র স্বীয়তনয় সুশ্রুতকে তাঁহার নিকট আয়ুর্ব্বেদ-শিক্ষার জন্য প্রেরণ করেন। মহর্ষি সুশ্রুত শিক্ষালাভের পর যে গ্রন্থ রচনা করেন তাহারই নাম সুশ্রুত-সংহিতা। চরক ও সুশ্রুত লিখিত চরক-সংহিতা ও সুশ্রুত-সংহিতা অতি প্রাচীন ভারতীয় চিকিৎসা-গ্রন্থ। এই দুইখানি পুস্তকে অস্ত্রচিকিৎসা, দেহতত্ত্ব, ঔষধ-নির্ব্বাচন ও ঔষধ-প্রয়োগ প্রভৃতি অতি বিস্তারিত ভাবে লিখিত আছে। পুস্তক দুইখানি লোকাতীত জ্ঞানের পরিচায়ক ও অপৌরুষেয় বলিয়া কথিত।

প্রাচীন চিকিৎসা-গ্রন্থের মধ্যে বাগভট্টের অষ্টাঙ্গহৃদয়-সংহিতা, চক্রদত্ত-সংগ্রহ, শার্ঙ্গধর-সংগ্রহ, ভাবমিশ্রের ভাবপ্রকাশ, মদন পালের রাজনিঘণ্টু, মাধবকরের নিদান এবং আরও কতিপয় চিকিৎসা-পুস্তকে দ্রব্যগুণ ও চিকিৎসা-বিধি আলোচিত হইয়াছে।

মুসলমান রাজত্বকালেও রাজকীয় সাহায্যে মুসলমান হাকিমগণ, আরবী, পারসী ও উর্দ্দু ভাষায় এদেশীয় ভেষজ-সম্বন্ধে কয়েকখানি অমূল্য পুস্তক লিখিয়া গিয়াছেন। ইহাদের মধ্যে তালিপ শেরিফ (Taleep Sheriff) এবং মখেজন-উল-আদ্বিয় (Makhazan-ul-Adwiya) বিশেষ উল্লেখযোগ্য।

খৃষ্টীয় ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে পোর্তুগীজ ও ওলন্দাজ উদ্ভিদ্-বিদ্যাবিৎ চিকিৎসকগণ ভারতীয় ভৈষজ্যের গুণাগুণ-সম্বন্ধে ধারাবাহিক ইতিহাস প্রণয়ন করিয়া গিয়াছেন। দক্ষিণ-ভারতের প্রচলিত গ্রন্থগুলির মধ্যে Van Rheede লিখিত Hortus Indicus Malabaricus নামক পুস্তকখানি ১২ খণ্ডে বিভক্ত। এতদ্ব্যতীত Thomas Rivevs, O. Kerbosa. L. De Costa, Wight, Beddome প্রভৃতি মনীষিগণ ভিন্ন ভিন্ন সময়ে ভারতের ভিন্ন ভিন্ন স্থানের উদ্ভিদের গুণাগুণ-সম্বন্ধে বহু পুস্তক লিখিয়া গিয়াছেন।

CENTRAL LIBRARY

খ্রীষ্টীয় অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীতে উদ্ভিদ্‌বিদ্যা-বিশারদ চিকিৎসকগণ ভারতীয় চিকিৎসা-শাস্ত্র অধ্যয়ন ও প্রণয়ন করিয়া আধুনিক গবেষণার পথ অতি সুগম করিয়া গিয়াছেন। এই সকল মনীষির মধ্যে Dr. Roxburgh এর নাম বিশেষ উল্লেখযোগ্য, তাঁহাকে ভারতীয় আধুনিক উদ্ভিদ্-পরিচয়-গবেষণার পিতৃতুল্য বলিলেও অত্যুক্তি হয় না। Dr. Roxburgh লিখিত Flora Indica নামক পুস্তকে বিভিন্ন ভারতীয় উদ্ভিদের দেশীয় ও বৈজ্ঞানিক নাম, তাহাদের বর্ণনা, আবাস ও গুণাগুণ বিস্তারিত ভাবে লিখিত আছে।

পরবর্ত্তী সময়ে ১৮১০ খ্রী: Dr. John Flemming ভারতীয় ভৈষজ্যের হিন্দুস্থানী ও সংস্কৃত নাম Asiatic Research নামক সাময়িক পত্রে অতি বিশদভাবে প্রকাশ করিয়া গিয়াছেন। Dr. N. Wallich এবং Dr. Wilson প্রমুখ উদ্ভিদ্‌বেত্তারা দেশীয় ঔষধের গুণাগুণ-সম্বন্ধে অনেক তথ্য আবিষ্কার করিয়া জনগণের প্রভূত উপকার সাধন করিয়া গিয়াছেন। Dr. Ainslie, Moodeen Sheriff, Dr. Wight, Dr. Dymock প্রভৃতি মহোদয়গণের দ্রব্যগুণ-পুস্তকগুলি (Materia Medica) অতি উৎকৃষ্ট চিকিৎসা-গ্রন্থ। Sir William O' Shaughnessy এবং Dr. Wallich এর 'Pharmacopoeia Bengal' ও অতি সারগর্ভ পুস্তক। Dr. Birdwood লিখিত বোম্বাই প্রদেশস্থ ভেষজ এবং Dr. Drury লিখিত মাদ্রাজ-দেশীয় ভেষজ, এবং Dr. Baden Powell লিখিত Punjab Products এবং রায়বাহাদুর কানাইলাল দে লিখিত Indigenous Drugs অতি উৎকৃষ্ট চিকিৎসা-পুস্তক।

Dr. Voigt লিখিত Hortus Subarbanus Calcuttensis, Sir J. D. Hooker লিখিত Flora of British India এবং Sir George Watt সাহেব লিখিত Dictionary of Economic Products যথাক্রমে ১৮৪৫, ১৮৯৭ ও ১৯০৪ খৃ: সম্পূর্ণরূপে প্রকাশিত হইয়া দেশীয় চিকিৎসা-বিষয়ক উদ্ভিদ্ ও আয়কর উদ্ভিদের পরিচয়-ও ব্যবহার সম্বন্ধে যুগান্তর আনয়ন করিয়াছে।

Sri George King লিখিত বহুসংখ্যক দেশীয় ভেষজ উদ্ভিদের পরিচায়ক পুস্তক, ভারতে কুইনাইন চাষ সম্বন্ধীয় পুস্তক এবং ডাঃ উদয়চাঁদ দত্ত লিখিত Hindu Materia Medica নামক পুস্তকের Glossary বহু ভেষজ উদ্ভিদের দুরূহ পরিচয় অতি সহজ করিয়াছে। Sri David Prain সাহেব লিখিত Bengal Plants, হুগলী, হাওড়া ও ২৪-পরগণার গাছ ও সুন্দরবনের গাছ নামক পুস্তকগুলিতে অনেক ভৈষজ্যের নিদর্শন ও পরিচয় পাওয়া যায়।

আধুনিক চিকিৎসা-গ্রন্থের মধ্যে Dr. Kirtikar ও Major B. D. Basu লিখিত Indian Medicinal Plants, Dr. R. N. Chopra লিখিত Indigenous Drugs, Dr. Nadkarni লিখিত The Indian Materia Medica এবং কবিরাজ বিরজাচরণ গুপ্ত, কাব্যতীর্থ লিখিত বনৌষধি-দর্পণ বিশেষ উল্লেখযোগ্য।

বৈদিক যুগ হইতে বর্ত্তমান সময় পর্য্যন্ত যে সকল চিকিৎসা-গ্রন্থের বিষয় উল্লেখ করা হইল, ইহার সকলগুলিই সংস্কৃত, ইংরাজী ও ল্যাটিন ভাষায় লিখিত। এই সমস্ত পুস্তক খরিদ

করিয়া অধ্যয়ন করা অতি ব্যয়-সাপেক্ষ। তদ্ব্যতীত ইংরাজী ও ল্যাটিন ভাষায় অনভিজ্ঞ ভিষক্‌দিগের অনুপযোগী। বনৌষধি-দর্পণ নামক পুস্তকখানি যদিও বঙ্গভাষায় লিখিত তথাপি উহাতে অল্পসংখ্যক ভেষজের উল্লেখ আছে মাত্র এবং উহাতে তরুলতাদির চিত্র-পরিচয় না থাকায় ইহা সাধারণের পক্ষে সহজে বোধগম্য নহে।

ভৈষজ্য তরুলতাদির প্রকৃত নাম ও পরিচয়, উহাদের বৈজ্ঞানিক, দেশীয় ও সংস্কৃত নাম সম্বন্ধে বহুসংখ্যক অনুসন্ধান-পত্র আমার নিকট সময়ে সময়ে প্রেরিত হওয়ায় সেগুলির যথাযথ উত্তর-প্রদানকালীন আমার মনে হইয়াছে যে, তরুলতাদির চিত্র ও বর্ণনাসহ একখানি ভৈষজ্যপুস্তক লিখিত হওয়া বিশেষ আবশ্যক। বহু গণ্যমান্য চিকিৎসক এরূপ একখানি পুস্তক প্রণয়ন করিবার জন্য অনুরোধ করায় আমার পূর্ব্ব ইচ্ছা আরও বলবতী হইয়া উঠে ও এই পুস্তকখানি প্রকাশ করিতে উৎসাহিত হই। Sir David Prain, C. M. G C.I E., M.A., I. M. S., D. Sc., LL. D., F. R. S., F. R. S. E, F. L. S., ভূতপূর্ব্ব সুপারিণ্টেণ্ডেণ্ট, রয়েল বোটানিক্ গার্ডেন, কলিকাতা, ও ডাইরেক্টর, রয়েল বোটানিক্ গার্ডেন, – Kew, এ বিষয়ে আমাকে বিশেষ উদ্যোগী করেন এবং এই ভূমিকার ইংরাজী অনুবাদ তাঁহার জীবদ্দশায় সংশোধন করিয়া দিয়াছেন, এজন্য তাঁহার নিকট আমি বিশেষ কৃতজ্ঞ। এই পুস্তক ইংরাজী ভাষায় লেখা স্থির করিয়াছিলাম। পরে আমার বন্ধু মাননীয় শ্রীশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয় ইহা বঙ্গদেশের আবাল-বৃদ্ধবনিতার পাঠোপযোগী ও উপকারের জন্য বঙ্গভাষায় লিখিতে অনুরোধ করেন। তাঁহার উপদেশমত এককড়িবাবুর একান্ত পরিশ্রম এবং আমার উদ্ভিদ-গবেষণায় তাঁহার নিষ্ঠা ও আপ্রাণ চেষ্টার ফলে এই বিস্তীর্ণ পুস্তক বঙ্গভাষায় লেখা সম্ভবপর হইয়াছে। এই পুস্তক-প্রণয়নে মাননীয় শ্রীরমাপ্রসাদ মুখোপাধ্যায় এবং শ্রীশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়দ্বয়কে পরামর্শ ও উৎসাহ দিবার জন্য এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দ্বারা এই পুস্তক ছাপাইবার বন্দোবস্ত করার জন্য আমার কৃতজ্ঞতা জানাইতেছি।

সর্ব্বসাধারণের সুবিধার জন্য যথাক্রমে প্রত্যেক উদ্ভিদের বৈজ্ঞানিক নাম, কোন্ কোন্ ইংরাজী পুস্তকে উহার চিত্র-পরিচয় ও বর্ণনা আছে, কোন্ কোন্ স্থানে গাছগুলি পাওয়া যায়, ঔষধপ্রস্তুত-কার্য্যে উদ্ভিদের কোন্ কোন্ অংশ ব্যবহৃত হয় এবং উহার ভৈষজ্য গুণ কি কি আছে ও কোন্ কোন্ রোগে প্রযুক্ত হইতে পারে তাহা এই পুস্তকে লিখিবার চেষ্টা করা হইয়াছে। তদ্ব্যতীত সাধারণ পরিভাষা অনুযায়ী সরল ভাষায় বর্ণনার সহিত বৃক্ষাদির চিত্র ও চিত্র-পরিচয় দেওয়া হইয়াছে। পুস্তকখানিতে প্রায় ৭০০ (সাত শত) উদ্ভিদের বিষয় লিখিত হইয়াছে। বর্ত্তমানে কুইনাইন, ডিজিটালিস্, ইপিকাকুয়ানা, হায়াসিয়ামাস্ প্রভৃতি যে সকল গাছের চাষ ভারতে প্রবর্ত্তিত হইয়াছে সেগুলিও বিশেষভাবে ইহাতে সন্নিবেশিত হইয়াছে।

এক্ষণে পুস্তকখানি যদি আয়ুর্বেদীয় ও অপরাপর চিকিৎসকগণের ও উদ্ভিদ্‌তত্ত্বজ্ঞ অনুসন্ধিৎসু ছাত্রগণের উপকারে আইসে তাহা হইলে আমাদের পরিশ্রম সার্থক হইয়াছে বলিয়া ধন্য হইব। এই পুস্তক-প্রণয়ন কার্যে আমি প্রায় শতাধিক চিকিৎসা-গ্রন্থ ও উদ্ভিদ

বিদ্যা-বিষয়ক পুস্তকের সাহায্য গ্রহণ করিয়াছি ; তজ্জন্য এই সকল গ্রন্থকারের নিকট চিরঋণে আবদ্ধ রহিলাম। প্রুফ-সংশোধন কার্য্যে শ্রীসুশীলকুমার মুখোপাধ্যায় সাহায্য করায় তাঁহাকে আমার আন্তরিক ধন্যবাদ দিতেছি।

পরিশেষে বক্তব্য এই যে, এরূপ পুস্তক-প্রণয়নে ভ্রম প্রমাদ থাকা সম্ভবপর। সহৃদয় পাঠকগণ সেগুলি নির্দ্দেশ করিয়া দিলে আমি তাঁহাদের নিকট কৃতজ্ঞ থাকিব ও পরবর্তী সংস্করণে অতি যত্নের সহিত সংশোধন করিয়া দিব।

হারবেরিয়াম,
রয়েল বোটানিক্ গার্ডেন, কলিকাতা।
১লা আগষ্ট, ১৯৪৯।

শ্রীকালীপদ বিশ্বাস

উদ্ভিদের শ্রেণী-বিভাগ

হিন্দু আয়ুর্ব্বেদ শাস্ত্রে বহু প্রাচীনকাল হইতে তরুলতাদির আকৃতি, গুণ, বাসস্থান ও ব্যবহার অনুযায়ী শ্রেণী-বিভাগ অতি বিশদ ভাবে লিখিত আছে; যথা—শাকবর্গ, পুষ্পবর্গ হরীতকীবর্গ, কর্পূরাদিবর্গ, গুড়ূচ্যাদিবর্গ, তৈলবর্গ ইত্যাদি। এই সকল বিভাগ প্রধানতঃ উদ্ভিদের গুণাগুণের উপর নির্ভর করিয়াই লিখিত হইয়াছে, কিন্তু কালক্রমে এই সকল জ্ঞান-সম্বন্ধে অনুশীলন না থাকায় এবং উক্ত প্রথা অনুযায়ী কোন উদ্ভিদাগার সজ্জিত না থাকায় বৃক্ষাদির পরিচয় বিষয়ে বিশেষ অসুবিধা হইয়াছে।

বর্ত্তমান যুগে পাশ্চাত্য দেশে উদ্ভিদ্-বিদ্যার অধিক পরিমাণে উৎকর্ষ সাধিত হওয়ায় পাশ্চাত্য পণ্ডিতগণ উদ্ভিদের ফল, ফুল ও আকৃতিতে সাদৃশ্য লইয়া উদ্ভিদ্‌গুলিকে নানা ভাগে বিভক্ত করিয়াছেন। এই শ্রেণী-বিভাগ পৃথিবীর যাবতীয় সভ্য দেশে চলিত থাকায় ও এই বিভাগ অনুযায়ী আধুনিক উদ্ভিদাগারগুলি সংরক্ষিত হওয়ায় তরুলতাদির পরিচয়-সম্বন্ধে বহুপরিমাণে বাধাবিঘ্ন দূর হইয়াছে। আমরা সর্ব্বসাধারণের সুবিধার জন্য পুস্তক-লিখিত গাছগুলিকে আধুনিক বৈজ্ঞানিক প্রথানুযায়ী সজ্জিত করিয়াছি। পাশ্চাত্য প্রথা অনুযায়ী গাছগুলির শ্রেণী-বিভাগ থাকায় উদ্ভিদাগারে একস্থানে সেইগুলি দেখিয়া লইবার পথ সুগম হইবে এই আশায় আয়ুর্ব্বেদোক্ত সাবেক প্রথা পরিত্যক্ত হইয়াছে।

পাশ্চাত্য পণ্ডিতগণের মধ্যে খ্রীঃ পূঃ ৩৭০-২৪৫ অব্দে Theophrastus নামক একজন গ্রীসদেশীয় দার্শনিক প্রথম উদ্ভিদের শ্রেণী-বিভাগ করেন। ইহার পর ১৭০৭-১৭৭৮ খ্রীঃ অব্দে সুইডেন-দেশীয় প্রসিদ্ধ দার্শনিক Linnaeus ইহার বহু পরিমাণ উন্নতি সাধন করেন। বর্ত্তমান যুগে এই শ্রেণী-বিভাগের দুইটী প্রণালী সভ্য জগতে গৃহীত হইয়াছে। একটী Bentham & Hooker সাহেবের লিখিত বিভাগ, অপরটী Engler & Prantl সাহেব লিখিত বিভাগ। Bentham & Hooker সাহেবের লিখিত বিভাগ ভারতে, ইংলণ্ডে এবং ইংরাজ অধিকৃত দেশে চলিত আছে; আর Engler & Prantl সাহেবের লিখিত বিভাগ জার্ম্মাণীতে এবং ইউরোপের দুই একটী উদ্ভিদাগারে প্রচলিত আছে। অধুনা Rendle & Hutchinson সাহেবের লিখিত শ্রেণী-বিভাগ দ্বারা তরুলতাদির স্বাভাবিক অবস্থা আরও বিশদ ভাবে বুঝাইবার চেষ্টা হইয়াছে।

Engler & Prantl সাহেব সাধারণতঃ উদ্ভিদ্‌গুলিকে ১৩ শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। পূর্ব্বে বলিয়াছি যে Bentham & Hooker সাহেবের লিখিত শ্রেণী-বিভাগ ভারতের উদ্ভিদাগারে গৃহীত ও চলিত আছে; অতএব আমরা এই পুস্তকে-লিখিত উদ্ভিদগুলিকে

তাঁহাদের মতানুযায়ী বিভাগ করিয়াছি। Hooker সাহেব তাঁহার লিখিত Genera Plantarum নামক পুস্তকে উদ্ভিদ্‌গুলিকে ২০০ (দুই শত) Natural Order বা বর্গে (Family) বিভক্ত করিয়াছেন। ইহার শ্রেণী-বিভাগ অতি সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল।



উপরোক্ত তালিকা হইতে দেখা যাইতেছে যে Bentham & Hooker সাহেব উদ্ভিদ্‌-রাজ্যকে প্রধানতঃ দুইভাগে বিভক্ত করিয়াছেন ; যথা, Cryptogams (অপুষ্পক উদ্ভিদ্‌) এবং Phanerogams (সপুষ্পক উদ্ভিদ্‌)।

Cryptogams আবার Thalophyta, Bryophyta, এবং Pteridophyta এই তিন ভাগে বিভক্ত। ইহাদের মধ্যে Bacteria (রোগোৎপাদক উদ্ভিজ্জাণু), Fungi (ছত্রক উদ্ভিদ্‌), Algae (জলজ শৈবালাদি উদ্ভিদ্‌) এবং Mosses (মস্‌জাতীয় উদ্ভিদ্‌) প্রধান।

উপরোক্ত তালিকায় দেখা যাইতেছে যে Phanerogams (সপুষ্পক উদ্ভিদ্‌) প্রধানতঃ দুইভাগে বিভক্ত ; যথা, Angiosperms (গুপ্ত বা আবদ্ধবীজ উদ্ভিদ্‌) এবং Gymnosperms (উন্মুক্তবীজ উদ্ভিদ্‌)। Angiosperms আবার দুইভাগে বিভক্ত ; যথা, Dicotyledon (দ্বিবীজ-পত্র) ও Monocotyledon (একবীজ-পত্র) উদ্ভিদ্‌।

Gymnosperms (উন্মুক্তবীজ) উদ্ভিদের মধ্যে Cedrus deodara (হিমালয়জাত দেবদারু), Pinus longifolia (সরল কাষ্ঠ), Abis, Juniperus, Thuya ও Cupressus ইত্যাদি প্রধান।

যে সকল উদ্ভিদের অঙ্কুর বাহির হইবার সময়ে দুইটী বীজ-পত্র বাহির হয় সেইগুলিকে Dicotyledon উদ্ভিদ্‌ বলে ; যেমন চাল্‌তা, আম, জাম, তেঁতুল, বেল, কার্পাস, কলাই প্রভৃতি। যে সকল উদ্ভিদের অঙ্কুর বাহির হইবার সময়ে একটী বীজ-পত্র বাহির হয় সেইগুলিকে Monocotyledon উদ্ভিদ্‌ বলে ; যেমন সুপারি, তাল, খেজুর নারিকেল, হরিদ্রা, মুর্গা, তালমূলী, পিয়াজ, কেতকী ইত্যাদি।

এই পুস্তকে লিখিত যাবতীয় উদ্ভিদের প্রত্যেকটির পৃথক্‌ বর্ণনা আছে ; ইহাদের বংশাবলীর সমগ্র পরিচয় দিতে হইলে পুস্তকের কলেবর অতিশয় বর্দ্ধিত হইবে এই আশঙ্কায়

CENTRAL LIBRARY

এস্থলে উহা পরিত্যক্ত হইল। বিভাগগুলি আরও কিঞ্চিৎ বুঝাইবার জন্য নিম্নে আর একটী তালিকা দেওয়া হইল।

Class 1.—Dicotyledons (দ্বিবীজ-পত্রী)

Division 1. Polypetalae (বা বিযুক্ত-দল)

Sub-Division (*a*) Thalamiflorae (বিযুক্ত-স্তবক)

(Family—Ranunculaceae—Tiliacea)

Sub-Division (*b*) Disciflorae (যুক্ত-স্তবক)

(Family—Linaceae—Moringaceae)

Sub-Division (*c*) Calycifloreae (বহিশ্ছদী)

(Family—Leguminoseae—Cornaceae)

Division 2. Gamopetalae (বা সংযুক্ত-দল)

(Family—Rubiaceae—Plantaginaceae)

Division 3. (Incompletae) Monochlamydeae (একচ্ছদী)

(Family—Nyctaginaceae—Ceratophyllaceae)

Class II.—Gymnosperms (মুক্তবীজ-পত্রী) অনাচ্ছাদিত

(Family—Gnetaceae-Cycadaceae)

Class III.—Monocotyledons (একবীজ-পত্রী)

Division 1. Petaloideae (দ্বিসারি-দল)

(Family—Hydrocharideaceae—Naiadaceae)

Division 2. Glumiferae (শীষধারী)

(Family—Eriocaulaceae—Gramineae).

প্রত্যেক গাছের নাম বৈজ্ঞানিক প্রণালী-অনুসারে বর্ণিত। ইহা গাছের বিশেষ নাম ও বর্ণনাকারীর নামের সহিত সংলগ্ন থাকে। সর্বপ্রথমে গাছের পর্য্যায়ভুক্ত বা গণীয় (Generic) নাম দেওয়া হইয়া থাকে; যেমন Terminalia belerica Roxb. এস্থলে Roxburgh সাহেব উক্ত গাছের বর্ণনা করিয়াছেন, এইজন্য তাঁহার নাম শেষভাগে লিখিত হইয়াছে; belerica নামটি বিশেষজাতীয় (Specific) নাম। কোন লোকের নাম যদি দেবেন্দ্রনাথ ঘোষ হয়: তবে দেবেন্দ্রনাথ belerica জাতীয় (Specific) নামের এবং ঘোষ নামটি Terminalia-গনীয় (Generic) নামের তুল্য। দেবেন্দ্রনাথ ঘোষ, নগেন্দ্রনাথ ঘোষ ও খগেন্দ্রনাথ ঘোষ এই তিনটি নাম ঘোষ-বংশীয় তিনটি ব্যক্তিকে বুঝাইতেছে। গাছেরও তেমনি T. belerica, T. catappa, T. chebula প্রভৃতি নাম Terminalia গণভুক্ত। পূর্বোক্ত গাছগুলি সমস্ত Combretaceae Family বা বর্গের অন্তর্ভুক্ত। প্রত্যেক গাছের একটী করিয়া গণ—genus ও জাতি—species আছে। Specific নামটী generic নামের বিশেষণ-রূপে সাধারণতঃ ব্যবহৃত হইয়া থাকে; যেমন Pinus longifolia বলিলে longifolia

CENTRAL LIBRARY

অর্থাৎ লম্বা পাতাযুক্ত Pinus গাছ বুঝায় ; অতএব longifolia শব্দটী Pinus-এর বিশেষণরূপে প্রযুক্ত হইয়াছে। কখন কখন Specific নামটী উদ্ভিদের আবিষ্কার-কর্ত্তা অথবা একজন বিখ্যাত উদ্ভিদ-তত্ত্বজ্ঞের নামানুসারে দেওয়া হইয়া থাকে ; যেমন Meconopsis Wallichii Hook. এ গাছের Wallich সাহেবের নামে Hooker সাহেব নাম দিয়াছেন। এই নিয়মানুযায়ী দুই-শব্দবিশিষ্ট নামকরণ-প্রণালীকে Binominal nomenclature (নামকরণ) প্রণালী বলে।

এই প্রকার নামকরণ-প্রণালী Linnaeus সাহেবের সময় হইতে এখন পর্য্যন্ত প্রচলিত আছে এবং ইহার নিয়মাদি International Botanical Conference হইতে ধার্য্য হইয়া থাকে। এই Conference সর্বপ্রথমে অষ্ট্রীয়ার ভিয়েনা নগরে আরম্ভ হয়, তৎপরে ইংলণ্ডে আর একবার বসিয়া থাকে। সম্প্রতি কয়েকটী বিশেষ বিষয়ের মীমাংসার জন্য হলাণ্ডের আমষ্টার্ডাম নগরে হইয়া গিয়াছে এবং ১৯৫০ সালে Stockholm-এ এই সভার পুনরায় অধিবেশন হইবে।

এই পুস্তকে উদ্ভিদের নামগুলি যথাসম্ভব বর্ত্তমান International nomenclature অনুযায়ী দিবার চেষ্টা হইয়াছে।

Fern ও Fern শ্রেণীর উদ্ভিদ যেমন Lycopodium, এই লতার স্পোর (Spores), সামুদ্রিক বড় বড় শেওলা-বিশেষ, যাহা হইতে মূল্যবান আগর আগর (Agar Agar), আয়োডিন (Iodine, Vitamin) প্রভৃতি পাওয়া যায়, ছত্রক-বর্গ (Fungi) যেমন Penicilium জাতীয় স্থতার ন্যায় উদ্ভিদ্, অতি মূল্যবান্ ঔষধ। অমূল্য ঔষধ Penicillin, এবং সম্প্রতি ডাক্তার সহায়রাম বসু-আবিষ্কৃত কানচটা-বর্গভুক্ত Polystrictus sanguinius জাতীয় উদ্ভিদ্ হইতে 'Polyhorin' আজ চিকিৎসা-শাস্ত্রে এক যুগ-পরিবর্তন আনিয়াছে।

আজিও এই বিশাল ভারতের বহু উদ্ভিদের বিষয় আমাদের অজানা রহিয়াছে। আজ আমাদের স্বাধীন ভারতে এই সব উদ্ভিদের ও ঔষধের যথাযথ বিশ্লেষণ ও অনুসন্ধান করিয়া তাহাদের তথ্য সম্যক্-রূপে উদ্ঘাটন করা বিজ্ঞান ও মানবতার দিক দিয়া বিশেষ প্রয়োজন।

———

বৈজ্ঞানিক বিভাগ অনুযায়ী বিভিন্ন জাতীয় উদ্ভিদের সূচীপত্র

ষষ্ঠ খণ্ড

Leguminosae

Genus—Astragalus

673. A. leucocephalus Garh. (রুদন্তিকা)

Acanthaceae

Genus—Blepharis.

674. B. edulis Pers. (উৎকটা)

Fabaceae

Genus—Cassia.

675. C. absus Lim. (চাক্ষুষ)

Apocynaceae

Genus—Catharanthus.

676.—C. roseus (L.) G. Don.
Syn. Lochnera rosea (Linn. Reichb).
Syn. Vinca rosea Linn.
(নয়নতারা)

Genus—Chonemorpha.

677. C. fragrans (Moon) Alston
Syn. C. macrophylla (Roxb.) G. Don. (কোনেমরফ ফ্রাগ্রান্‌স্‌)

Elaeocarpaceae

Genus—Elaeocarpaceae.

678. E. ganitrus Roxb. (রুদ্রাক্ষ)

Myrtaceae

Genus—Eucalyptus.

679. E. macrorhyncha F. Muell (ইউক্যালিপ্টাস)

Guttiferae

Genus—Garcinia.

680. G. morella Desr. (তমাল)

Verbenaceae

Genus—Lippia

681. L. nodiflora Rich. (ভুঁই ওকড়া)।

Gentianaceae

Genus—Menyanthes.

682. M. trifoliata Linn.
(মেণিয়ান্‌থেস্‌ ট্রাইফোলিয়াটা)

Acanthaceae

Genus—Phlogacanthus.

683. P. thyrsiflorus Nees.
(রামবাসক)

Polygonaceae

Genus—Polygonum.

684. P. recumbens Royle.
(বিশল্যকরণী)

Potamogetonaceae

Genus—Potamogeton.

685. P. indicus Roxb. (জলপিপ্পলী)

Apocynaceae

Genus—Rauwolfia.

686. R. tetraphylla Linn.
Syn. R. canescens Linn.
Syn. R. heterophyllea Roem. & Schult. (বড় চাঁদড়)

Zinziberaceae

Genus—Roscoea.

687. R. purpurea Royle (কাকোলী)

Compositae

Genus—Siegesbeckia.

688. S. orientalis Linn.
(মাবং কালমেঘ)

Rutaceae

Genus—Zanthoxylum.

689. Z. acanthopodium DC.
(তাম্বুল)।

CENTRAL LIBRARY

প্রথম নির্ঘণ্ট।

বাংলা ও সংস্কৃত নামের বর্ণমালা অনুযায়ী সূচীপত্র ১৪৬৯

দ্বিতীয় নির্ঘণ্ট।

বনৌষধির নামের ইংরাজী বর্ণমালা অনুযায়ী সূচী ১৪৮৬

তৃতীয় নির্ঘণ্ট।

ব্যাধি অনুযায়ী সূচী ১৫২৩

বৈজ্ঞানিক বিভাগ অনুযায়ী বিভিন্ন জাতীয় উদ্ভিদের সূচীপত্র...প্রথম খণ্ড ১৫৪৭

বৈজ্ঞানিক বিভাগ অনুযায়ী বিভিন্ন জাতীয় উদ্ভিদের সূচীপত্র...দ্বিতীয় খণ্ড ১৫৫১

বৈজ্ঞানিক বিভাগ অনুযায়ী বিভিন্ন জাতীয় উদ্ভিদের সূচীপত্র...তৃতীয় খণ্ড ১৫৫৫

বৈজ্ঞানিক বিভাগ অনুযায়ী বিভিন্ন জাতীয় উদ্ভিদের সূচীপত্র...চতুর্থ খণ্ড ১৫৫৯

বৈজ্ঞানিক বিভাগ অনুযায়ী বিভিন্ন জাতীয় উদ্ভিদের সূচীপত্র...পঞ্চম খণ্ড ১৫৬৩

সংশোধন ভারতীয় বনৌষধি—প্রথম খণ্ড i

,, —ভারতীয় বনৌষধি—দ্বিতীয় খণ্ড viii

,, —ভারতীয় বনৌষধি- তৃতীয় খণ্ড xvi

,, —ভারতীয় বনৌষধি—চতুর্থ খণ্ড xxiv

,, —ভারতীয় বনৌষধি—পঞ্চম খণ্ড xxx

,, —ভারতীয় বনৌষধি—ষষ্ঠ খণ্ড xxxiii

,, 382. Gymnema sylvestre R. Br. (মেড়াশিঙ্গে) xxxv

,, 494. Spinacia oleracea Linn. (পালংশাক) xxxvii

CENTRAL LIBRARY

LEGUMINOSAE

Genus—ASTRAGALUS

673. A. leucocephalus Garh. (রুদন্তিকা)

ভাষানুসারী নাম :—রুদন্তিকা—বাংলা।

চণ পত্রসমংপত্রং ক্ষুপশ্চৈব তথাকৃতি।
শৈশিরে জলবিন্দূণাং স্রবন্তীতি রুদন্তিকা ॥

—রাজনিঘণ্টু:

ছোলা গাছের ন্যায় গাছ ও পাতা ; ইহার পাতা হইতে জলবিন্দু ঝরিতে থাকে—সেইজন্য ইহার এই কাব্যিক নামকরণ অর্থাৎ সে যেন রোদন করিতেছে।

গুণপর্যায় :—রক্তপিত্ত, শ্লেষ্মাজনিত ক্ষয়রোগ, মেহরোগ ও কৃমিরোগনাশক।

জন্মস্থান :—ভারতবর্ষের গঙ্গোত্রী ও কেদারনাথের শিখরাঞ্চলে ৩-৪ হাজার মিটার উচ্চতায় এই গাছ জন্মে। পাঞ্জাব, কাশ্মীর, সিমলা, গাড়োয়াল ও কুমায়ুনের পার্বত্যাঞ্চলেও এই গাছ বিক্ষিপ্তভাবে পাওয়া যায়।

বর্ণনা :—কাণ্ড—ছোট ও সরু। পত্রিকা-রোমশ, লম্বা ও ঘন। পুষ্পমঞ্জরী ছোট ও ঘন। ফল—সাদা লোমযুক্ত, খুব ছোট লম্বাটে বহিরাবরণের মধ্যে থাকে। এক একটি কোষে তিন-চারটি বীজ থাকে।

ব্যবহার্য অংশ :—সমগ্র উদ্ভিদ্।

ঔষধার্থে ব্যবহার :—এই ভেষজটি কেদার-বদ্রি অঞ্চলের সন্ন্যাসী সম্প্রদায় শ্বাস, কাস ও ক্ষয়রোগে ২ গ্রেণ হইতে ৬ গ্রেণ মাত্রায় সেবনের ব্যবস্থা করেন। পথ্য হিসাবে প্রধানতঃ দুগ্ধ সেবনের পরামর্শ দেন। তাঁহাদের অভিমত, ইহা দ্বারা তিন সপ্তাহের মধ্যেই রোগ প্রশমিত হয়।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

গাছ—শ্বাসরোগ ও ক্ষয়রোগ নাশক।

মন্তব্য :—এই বনৌষধি সম্পর্কে অথর্ববেদ, অথর্বসংহিতা এমনকি চরক-সুশ্রুতেও কোন উল্লেখ নেই। তবে সপ্তদশ শতকের বনৌষধি গ্রন্থ রাজনিঘণ্টুতে ইহার উল্লেখ আছে।

Reference :—

J. D. Hooker, Flora of British India, Vol. II., p. 128 (1879).



673. Astragalus leucocephalus Garh. (কদম্বিকা)

ACANTHACEAE

Genus—BLEPHARIS

674. B. edulis Pers. (উচ্চটা)

ভাষানুসারী নাম :—উচ্চটা—সংস্কৃত, উটিঙ্গন—উর্দু।

"উচ্চটা ঘুর্ঘুরাখ্যা শণঘন্টাকার কলোঽম্লবিটপঃ সরযূপকণ্ঠে হিমবতী বারেন্দুয়াং চ প্রায়শঃ উপলভ্যতে ॥"

(সুশ্রুতের টীকাকার ডল্হন)

উচ্চটা সোমবল্লীকপ্রচলা তরলা তথা।
মহৌষধি সর্বাগমা বৃদ্ধিদা বর্দ্ধিতা পুরা ॥

(বাগ্‌ভটের টীকাকার ইন্দু)

উত্তানকা ইষ্‌কৃর্তিনাম যো মাতাথো পরিষ্ঠা
ব্যুয়ৎকিঞ্চ ভজোরূপঃ।

(শুক্ল যজুর্বেদ; ১২/১৩০ সূক্ত)

নামপর্যায় :—চক্রলা, প্রচলা, তরলা, অম্লপত্রা এবং জটিলা।

গুণপর্যায় :—শুক্রলা।

জন্মস্থান :—পাঞ্জাব, সিন্ধুপ্রদেশ ও বেলুচিস্তানে এই গাছ প্রধানতঃ জন্মে। ভারতবর্ষে Blepharis বর্গের মোট ছয়টি প্রজাতি পাওয়া যায়।

বর্ণনা :—গাছগুলি আকারে ও গঠনে অনেকটা আমাদের দেশের কুলেখাড়া গাছের মত। পাতাগুলির কিনারা কণ্টকাকীর্ণ ও আয়তাকার। গুচ্ছবদ্ধ দুইটি স্তরে বড় ও ছোট মঞ্জরীপত্র হয়—ফুল ও বীজ ইহার মধ্যেই হয়। বীজগুলি ডিম্বাকার, চেপ্টা, খসখসে প্রচ্ছদ দ্বারা আবৃত। ঘি রঙের এই ছোট বীজগুলিতে একটু জল লাগিলেই তাহার প্রচ্ছদ পাখির মত শক্ত ডাঁয়াগুলি প্রসারিত হইয়া পোকার মত হয়—তাহার এই প্রসারণ ও সঙ্কোচনশীলতাই উচ্চটা ও প্রচলা নামকরণের তাৎপর্য।

ব্যবহার্য অংশ :—সমগ্র গাছ।

CENTRAL LIBRARY

বৈদ্যকে উচ্চটার ব্যবহার

সুশ্রুত :—"চটকাণ্ডোচ্চটা কাথা: সক্ষীর ঘৃত শর্করা"—অর্থাৎ চড়ুই পাখীর ডিম, উচ্চটার কাথ, দুধ, ঘি ও চিনি মিশাইয়া সেবনের কথা বলা হইয়াছে (চিকিৎসা স্থান—৩৮ অধ্যায়)। এটি সেবনে পৌরুষ উদ্দীপিত হয়।

অষ্টাঙ্গ হৃদয় :—"উচ্চটাচূর্ণমপ্যেবং শতাবর্য্যাশ্চ যোজয়েৎ।"—অর্থাৎ উচ্চটাচূর্ণ ও শতাবরী (Asparagus recemosus) চূর্ণ একসংগে ধারোষ্ণ দুধের সংগে সেবন করিতে বলা হইয়াছে।

—বাজীকরণ রোগাধিকার ১৩২ শ্লোক।

এই ওষধিটির ব্যবহার আর কোন রোগে দেখা যায় না।

ঔষধার্থে ব্যবহার :—ইহার রস শুক্রবর্ধক, স্বপ্নদোষ নিবারক এবং দেহকে সর্বতোভাবে পটু রাখে। কিন্তু এই গাছের মূল বিষক্রিয়া সৃষ্টি করে এবং শরীরকে ব্যাকুল করে (অথর্ববেদভাষ্যকার মহীধর)। এই ঔষধিটি ইউনানি চিকিৎসক সম্প্রদায়ের কাছে বিশেষ পরিচিত। বয়সের আধিক্যে বা ব্যাধিগ্রস্ত হওয়ার ফলে আমাদের দেহ ও মনোবল হ্রাস পাইয়া থাকে; এই জন্য বৈদিক ঋষিগণ শরীরের ইন্দ্রিয় সকলকে সতেজ রাখার উদ্দেশ্যে এই ক্ষয়ক্ষতি পূরণের বনৌষধি সেবনের ব্যবস্থা করিয়াছিলেন।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

গাছের কাথ বা চূর্ণ—উত্তেজক ও বলকারক।

মূল—বিষাক্ত।

বীজ—স্বাদে তিক্ত ও পিচ্ছিল।

মন্তব্য :—উপরিউক্ত "**উচ্চটা ঘুঘুরাখ্যা……উপলভ্যতে**" শ্লোকটি বিশ্লেষণ করিলে বোঝা যায় যে, হিমালয়ের প্রত্যন্তদেশে ও সরযূ নদীর তীরে এই ঔষধিটি প্রায়ই পাওয়া যায়। অপর পক্ষে বাগ্‌ভটের (ইহাকে চরক-সুশ্রুতের মত প্রাচীন গ্রন্থের পর্যায়ে ধরা হয়; এই তিনটি গ্রন্থকে বলা হয় বৃহত্রয়ী) প্রসিদ্ধ টীকাকার ইন্দু লিখেছেন—উচ্চটা শ্বেতগুঞ্জা (শ্বেত কুঁচ) নয়, অন্য ওষধি। তাঁহার বর্ণনা হইতেছে—"**উচ্চটা সোমবল্লীক …বর্দ্ধিতা পূরা।**" আয়ুর্বেদে উচ্চটাকে শরীরের পক্ষে হিতকর বলিয়া বর্ণনা করা হইয়াছে, কিন্তু ইহার একক ব্যবহার কোথাও নাই। অন্যান্য রসায়ন (যে ঔষধ দ্বারা জরা ও ব্যাধি নষ্ট হয়) গুণসম্পন্ন বনৌষধি সহযোগে ইহা সেবনের বিধান বৈদিক যুগের ঋষিগণও দিয়েছেন। উচ্চটার মধ্যে এলানটোইন, গ্লেকাম্বিন (তিক্ত

ম্যুকোসাইড্) প্রভৃতি রাসায়নিক যৌগ আছে; কিন্তু ইহাদের ঔষধ সম্পর্কিত গুণাগুণ এখনও পরীক্ষা করিয়া দেখা হয় নাই।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. I., p. 197 (1948).

(2) K. R. Kirtikar & B. D. Basu, Indian Medicinal Plants, Vol. III., p. 1872 (1935).

(3) J. D. Hooker, Flora of British India, Vol. IV, p. 479 (1885).

(4) A. Chatterjee and S. Basa, Chemistry and Industry (London), p. 328 (1969)



674. Blepharis edulis Pers. (উল্টা)

CENTRAL LIBRARY

FABACEAE

Genus—CASSIA

675. C. absus Linn. (চাকুন্দ)

ভাষানুসারী নাম :—চাকুন্দ—বাংলা ও হিন্দী, কাউকল—তামিল, চাকুপালা কিউস্—তেলেগু, কান্ কুটি—মাদ্রাজ, চাকসি—বম্বে, চিমার, চিনোল—গুজরাট।

জন্মস্থান :—পশ্চিম-হিমালয়ের পাদদেশ।

বর্ণনা :—বর্ষজীবী উদ্ভিদ, ৩০-৬০ সে. মি. উচ্চ হয়। ধূসরবর্ণ, শক্ত ক্ষুদ্রলোমে আবৃত। বাজারে যে বীজ বিক্রয় হয় উহার রং কালো, উজ্জ্বল, চেপ্টা ডিম্বাকৃতি অথবা আয়তাকার, প্রান্তভাগ ছুঁচালো, ০·৪ সে. মি. লম্বা, স্বাদে তিক্ত। সুদান দেশীয় গাছের বীজ উৎকৃষ্ট এবং সর্ব্বাপেক্ষা বৃহৎ।

ব্যবহার্য অংশ :—বীজ, পত্র।

(ঔষধার্থে ব্যবহার) "চোখ ওঠা" রোগে চাকুন্দর বীজের চূর্ণ চোখের পাতার নীচে প্রলেপ হিসাবে ব্যবহার করা হয়। এটি সিন্ধু প্রদেশে একটি জনপ্রিয় ভেষজ। প্রথমে বীজের গাঁস জলে দ্রবীভূত করে। তারপর জলীয় দ্রবণটি চোখে প্রয়োগ করলে রোগের উপশম হয়। ডাঃ ইয়ডাইনের মতে বীজের খোলা উত্তেজক, মূত্র বৃদ্ধিকারক। বীজের প্রলেপ যে কোন প্রকার ক্ষত—বিশেষতঃ লিঙ্গক্ষতে বিশেষ উপকারী। চাকুন্দর বীজগুলি কিছুটা সুগন্ধযুক্ত—আমাশয়রোগে বিশেষ ফলপ্রদ। বীজের নির্যাসের কয়েকটি গুণাগুণ সম্বন্ধে বলা প্রয়োজন। এটি দূষিত রক্তকে পরিষ্কার করে তাছাড়া নির্যাসের একজিমা ও চর্মরোগ নিরাময়ের ক্ষমতা আছে। প্রসূতির কোষ্ঠবদ্ধতায় এবং স্বাভাবিক কোষ্ঠবদ্ধতায় যষ্টি মধু এবং গোলাপ ফুলের সাথে বীজের নির্যাস ব্যবহার করলে সুফল পাওয়া যায়। অজীর্ণ, বাতশূল, পিত্তাধিক্য-জনিত মাথাব্যথা প্রভৃতি রোগে আদা, খনিজ কালো লবণ এবং আমলকীর সঙ্গে মিশিয়ে প্রয়োগ করলে আশু এবং স্থায়ী ফল পাওয়া যায়।

Glossary :—সংক্ষিপ্ত গুণপরিচয়—

পাতা—তিক্ত, সঙ্কোচক, কাসিতে উপকারী।

বীজ—সঙ্কোচক, বিরেচক, কৃমিনাশক, চক্ষুরোগ, চর্মরোগ, সন্ধিগত রোগ প্রভৃতিতে উপকারী।

মন্তব্য :—আয়ুর্বেদীয় লোক ব্যবহারে ও হেকিমিতে এই বনৌষধির বীজ চোখ ওঠা ও চর্মরোগে ব্যবহৃত হয়। বর্তমানে ভারতবর্ষে এবং অন্যান্য দেশে এই বনৌষধি বিশেষ সুনাম অর্জন করিয়াছে। ইহার বীজের খোসা হইতে চাকুসিন এবং আইসো-চাকুসিন ($C_{12}H_{22}O_2N_3$) নামক দুইটি উপক্ষার আবিষ্কৃত হয়েছে। প্রাথমিক পরীক্ষায় দেখা গিয়াছে যে চাকুসিন সালফেট দেহের হৃদযন্ত্র এবং স্নায়ুচক্রের অবসাদ আনে।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. II, p. 93 (1950).

CENTRAL LIBRARY

(2) G. Watt, A Dictionary of the Economic Products of India, Vol. II, p. 210.
(3) J. D. Hooker, Flora of British India, Vol. II, p. 265 (1879).
(4) K. R. Kirtikar & B. D. Basu, Indian Medicinal Plants, Vol II p. 873 (1935).
(5) D. Prain, Bengal Plants, Vol. I, p. 438 (1903).



675. Cassia absus Linn. (চাকুন্দ)
(চাকুন্দে)

APOCYNACEAE

Genus—CATHARANTHUS

676. C. roseus (L.) G. Don.

Syn. Lochnera rosea (Linn. Reichb).

Syn. Vinca rosea Linn. (নয়নতারা)

ভাষানুসারী নাম :—নয়নতারা, গুলফেরিঙ্গি—বাংলা ; সাদাবাহার—হিন্দি ; সাদাফুল—মারাঠী।

জন্মস্থান :—মাদাগাস্কারের উদ্ভিদ্, বর্তমানে পশ্চিমবঙ্গের সর্বত্র দেখা যায়। Catharanthus বর্গের দুইটি প্রজাতি ভারতবর্ষে জন্মে।

বর্ণনা :—বর্ষজীবী অথবা বহুবর্ষজীবী দণ্ডায়মান গুল্ম ; ৩০-৯০ সে.মি. উচ্চ। পত্র—বিপরীতপত্র, বিপরীত ডিম্বাকার। পুষ্প—একক, অক্ষীয়, ৪-৪·৫ সে.মি. ব্যাসযুক্ত। ফল—ফলিক্‌ল জাতীয়। তিনরকম প্রজাতির নয়নতারা দেখা যায় : (১) Alba—যে গাছে সাদা ফুল ফোটে ; (২) Ocellata – দলমণ্ডল সাদা, তাহাতে লাল অথবা গোলাপী চোখ থাকে ; (৩) Roseus—দলমণ্ডল গোলাপী।

ব্যবহার্য অংশ :—পাতা ও মূলের রস।

ঔষধার্থে ব্যবহার :—সমগ্র গাছের রস বহুমূত্র রোগে ও রক্তস্রাবে হিতকর বলিয়া কথিত। এই গাছের রসে যে উপক্ষারগুলি (প্রায় ৭০টি) পাওয়া যায় তাহাদের মধ্যে ভিন্‌ক্রিষ্টিন এবং ভিন্‌ব্লা-স্টিন আধুনিক চিকিৎসাশাস্ত্রে 'লিউকিমিয়া' রোগের বিশেষ প্রয়োজনীয় ঔষধ হিসাবে পরিচিত। এই ভেষজের মধ্যে ডেলটা-ইহোহিম্বিন (delta-Yohimbine) নামে যে রাসায়নিক পদার্থটি আছে তাহার চাহিদাও খুব বেশী। ইহা ছাড়া অন্যান্য উপক্ষারগুলি ও নানা রোগে হিতকর বলিয়া প্রমাণিত হইয়াছে।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

পাতা ও মূলের রস—তিক্ত।

মন্তব্য :—আয়ুর্বেদে এই বনৌষধির কোন উল্লেখ নাই। দেশীয় লোকেরা ইহার রস বিভিন্ন রোগে ব্যবহার করে। বর্তমানে ভারতবর্ষে এবং অন্যান্য অনেক দেশে এই ভেষজটি বিশেষ সুনাম অর্জন করিয়াছে এবং প্রচুর পরিমাণে বিদেশে রপ্তানি হওয়ায় পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে গাছটির ব্যাপক চাষ আরম্ভ হইয়াছে।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. VI, p. 163 (1962).

(2) G. Watt., A Dictionary of the Economic Products of India, Vol. VI (4), p. 244.

CENTRAL LIBRARY

(3) J. D. Hooker, Flora of British India, Vol. III, p. 640 (1882).

(4) K. R. Kirtikar & B. D. Basu, Indian Medicinal Plants, Vol. II, p. 1559 ; Plate 604A (1935).

(5) The Catharanthus alkaloids (1975) ; editors William I. Taylor and Norman R. Farnsworth p. 324.New York : Marcel Dekker



676. Catharanthus roseus (L.) G. Don. (নয়নতারা)

APOCYNACEAE

Genus—CHONEMORPHA

677. **C. fragrans** (Moon) Alston.

Syn. **C. macrophylla** (Roxb.) G Don (**কোনেমরফা ফ্রাগ্রান্‌স্‌**)

ভাষানুসারী নাম :—কোনেমরফা ফ্রাগ্রান্‌স্‌

জন্মস্থান :—ভারতবর্ষের উত্তর এবং দক্ষিণ অঞ্চলে, সিংহল (শ্রীলঙ্কা), মালয়, ইন্দোচীন এবং ফিলিপাইন দ্বীপপুঞ্জের আর্দ্র বনভূমিতে এই গাছ প্রচুর পরিমাণে জন্মে।

বর্ণনা :—একটি সরলবর্গীয় বিশাল তরু। ফুল—বড়, সাদা এবং সুগন্ধযুক্ত।

ব্যবহার্য অংশ :—গাছের কস বা কাথ।

ঔষধার্থে ব্যবহার :—এই গাছের কাণ্ড হইতে একরকম আঠা পাওয়া যায় যাহার দ্বারা রাবার তৈয়ারী করা যাইতে পারে। ছালের মধ্যে উন্নত ধরণের তন্তু (fibre) আছে। এই গাছে শতকরা ১৫ ভাগ উপক্ষার।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

গাছের কস—রাবার তৈয়ারীতে ব্যবহৃত হয়।

মন্তব্য :—এদেশে এইজাতীয় বনৌষধির ব্যবহার নাই। তবে এই গাছে যে উপক্ষার আছে তাহাকে রাসায়নিকভাবে প্রয়োজনীয় স্টেরয়েড্‌ হরমোনে (Steroid hormone) পরিবর্তন সহজসাধ্য।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. II, p. 133 (1950).

(2) G. Watt, A Dictionary fo the Economic Products of India, Vol. II, p. 271.

(3) J. D. Hooker, Flora of British India, Vol. III, p. 661. (1882).

(4) D. Prain, Bengal Plants, Vol. II, p. 678 (1903).

(5) A. Chatterjee and B. Das, Indian Journal of Chemistry, 5, p. 146 (1967).

(6) J. Banerji, A. Chatterjee, Y. Itoh and T. Kikuchi, Indian Journal of Chemistry, 11, p. 1056 (1973).

677. Chonemorpha fragrans (Moon) Alston.

ELAEOCARPACEAE

Genus—ELAEOCARPUS

678. **E. ganitrus** Roxb. (**রুদ্রাক্ষ**)

ভাষানুসারী নাম :—রুদ্রাক্ষ—সংস্কৃত, বাংলা ; রুদ্রাকি—হিন্দী ; রুদাই, উক্কক, লোক্কক-আসাম।

নামপর্য্যায় :—রুদ্র + অক্ষি + ঘ = রুদ্রাক্ষ, শিবাক্ষ, সর্পাক্ষ, ভূতনাশনং, পাবনং, নীলকণ্ঠাক্ষং, হরাক্ষং, শিবপ্রিয়ম্। অর্থাৎ শিবাক্ষ, সর্পাক্ষ, ভূতনাশন, পাবন, নীলকণ্ঠ নেত্র, হরনেত্র, শিবপ্রিয় ইত্যাদি।

CENTRAL LIBRARY

গুণপর্যায় :—অম্ল, উষ্ণ, বাত, ক্রিমি ও শিরোরোগনাশক, ভূতগ্রহ বিষনাশক ও রুচিকারক।

জন্মস্থান :—নেপাল, আসাম ও দক্ষিণে কর্ণাটক অঞ্চলে পাওয়া যায়। ভারতের অন্যান্য স্থানেও দেখা যায়, তবে রোপণের প্রয়োজন হয়। ভারতবর্ষে Elaeocarpus বর্গের ২৫টি প্রজাতি (Species) জানা আছে।

বর্ণনা :—রুদ্রাক্ষ গাছের সঙ্গে আমাদের দেশের মাঝারি ধরনের বকুল গাছের (Mimusops elengi) সাদৃশ্য আছে। কিন্তু এর গুচ্ছবদ্ধ ফল আকারে ও বিন্যাসে পিটুলি গাছের (Trewia nudiflora) মত। বীজগুলিতে সাধারণতঃ পাঁচটি কোষ (কোয়া) একত্রীভূত অবস্থায় থাকে, প্রতি দুইটি কোষের মাঝখানে একটি রেখা বর্তমান, এই রকম পাঁচটি রেখাযুক্ত রুদ্রাক্ষকে "পঞ্চমুখী" বলা হয়—এইটি তাহার স্বাভাবিক রূপ। ইহা ছাড়া বীজের অস্বাভাবিক গঠনের জন্য চৌদ্দটি রেখাযুক্ত রুদ্রাক্ষও পাওয়া যায়, তবে তাহার দামও অত্যধিক।

ব্যবহার্য অংশ :—ফল।

ঔষধার্থে লৌকিক ব্যবহার

হাঁপানিতে :—রুদ্রাক্ষ গুঁড়া করিয়া বা চন্দনের ন্যায় ঘষিয়া আধ গ্রাম মাত্রায় গরম জলসহ প্রত্যহ ২/৩ বার সেবন করিলে উপকার পাওয়া যায়।

হৃদ্‌দৌর্বল্যে :—অল্প পরিশ্রমে যাহাদের হৃৎস্পন্দন বাড়িয়া যায় সেই ক্ষেত্রে রুদ্রাক্ষ ঘষিয়া অথবা চূর্ণ করিয়া আধগ্রাম মাত্রায় দুধসহ সেবন করিলে ঐ দোষ প্রশমিত হয়। রোগীর নাড়ীস্পন্দন ক্ষীণ হইয়া আসিতে থাকিলে হৃদ্‌যন্ত্রকে সতেজ রাখার জন্য প্রাচীনকালে বাংলার বৈদ্যদের 'কোয়ামিন' ছিল রুদ্রাক্ষ ঘষা এবং মধুসহ মকরধ্বজ খাওয়ানো।

কোঁড়া ও কর্ণমূলে :—রুদ্রাক্ষ ঘষিয়া একটু গরম করিয়া চন্দনের মত কোঁড়াতে বা কর্ণমূলে লাগাইলে উপকার পাওয়া যায়।

বসন্ত রোগে :—বসন্তরোগের প্রতিষেধক রূপে বহুলোকে ইহা ধারণ করে।

ক্ষয় রোগে :—ক্ষয়রোগের প্রথমাবস্থায় তুলসীমঞ্জরীর সঙ্গে রুদ্রাক্ষ ঘষিয়া সেবনে রোগীর উপকার হয়।

চোখ ওঠায় :—রুদ্রাক্ষ ঘষিয়া চোখের উপর এবং নীচের পাতায় লাগাইতে হয়। চোখের ভিতর লাগাইলে জ্বালা করে, তাই সাবধানে লাগানো উচিত।

ঔষধার্থে ব্যবহার :—আমাদের কোন কোন প্রদেশের বৈদ্যসম্প্রদায় শ্লেষ্মার আধিক্যে যে সব রোগ (সর্দিকাশি, হাঁপানি, অম্লাতিসার) সৃষ্টি হয় সে সব ক্ষেত্রে রুদ্রাক্ষ ঘষিয়া খাওয়ানোর বিধান দেন। রাজস্থানের বৈদ্যগণ বসন্তরোগে রুদ্রাক্ষ ঘষিয়া গায়ে লাগাইতে বলেন। এই প্রসঙ্গে বলা দরকার, যে সব ক্ষেত্রে রুদ্রাক্ষ খাওয়ানোর বিধান দেওয়া হয়, তখন রুদ্রাক্ষকে একদিন দুধে ভিজাইয়া রাখিয়া শোধন করিয়া লইতে হয়। রুদ্রাক্ষের শাঁস মৃগীরোগে (epilepsy) উপকারী (Kirtikar and Basu, 1, p 404)। অবিরাম জ্বরে ও কলেরা রোগে রুদ্রাক্ষ ব্যবহৃত হয় (Chopra)। নেপালে রুদ্রাক্ষের আচার তৈরী করিয়া খাওয়ার রেওয়াজ আছে।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

শাঁস—টক।

ফল—ক্ষয়রোগ, হৃদদৌর্বল্য, হাঁপানি ও মৃগীরোগে ব্যবহৃত হয়। রসতান্ত্রিক বৈদ্য সম্প্রদায় বসন্ত রোগে ইহার জাত এক মহৌষধ বলিয়া গণ্য করিয়া থাকেন।

মন্তব্য :—ভারতবর্ষে শৈব, শাক্ত প্রভৃতি সম্প্রদায়ের লোকেরা এবং অনেক সংসারী লোকেরাও রুদ্রাক্ষের মালা ধারণ করেন ; কিন্তু ইহার ভাবগত উপযোগিতা আমাদের নিকট অজ্ঞাত। প্রাচীন আয়ুর্বেদ সংহিতায় রুদ্রাক্ষের নামোল্লেখ না থাকায় (চরক, সুশ্রুত, বাগ্‌ভট্‌ প্রভৃতি গ্রন্থে) ইহার কোন ব্যবহার পাওয়া যায় না ; কিন্তু পরবর্তীকালে উত্তর ভারতীয় রসতান্ত্রিক বৈদ্যগণ তাঁহাদের বনৌষধির মধ্যে রুদ্রাক্ষকে ঔষধরূপে ব্যবহার করিতেন। বর্তমানে ইহার লৌকিক ব্যবহারই বেশী প্রচলিত।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. III, p. 140 (1952).

(2) G. Watt, The Commercial Products of India, p. 511. (John Murray, London, 1908).

(3) G. Watt, A Dictionary of Economic Products of India, Vol. III. p. 205.

(4) J. D. Hooker, Flora of British India, Vol. I, p. 400 (1875).

(5) D. Prain, Bengal Plants, Vol. I, p. 287 (1903).

678. Elaeocarpus ganitrus Roxb. (রুদ্রাক্ষ)

MYRTACEAE

Genus—EUCALYPTUS

679. **E. macrorhyncha F. Muell** (ইউক্যালিপ্টাস)

ভাষানুসারী নাম :—ভারতের বিভিন্ন প্রদেশে ইহা ইউক্যালিপ্টাস নামে পরিচিত।

জন্মস্থান :—অষ্ট্রেলিয়া, তাসমানিয়া ও নিউগিনির উদ্ভিদ্। পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ ও হিমালয়ের পার্বত্য অঞ্চলে ১,৫০০ মিটার পর্যন্ত উচ্চতায় এই গাছ জন্মে। বর্তমানে আমাদের দেশে Eucalyptus বর্গের প্রায় ৬০টি প্রজাতি জন্মে।

বর্ণনা :—গন্ধযুক্ত মাঝারি আকারের চিরহরিৎ বৃক্ষ। পত্র—একান্তর, ঊর্ধ্বমুখী, দৃঢ়, পালক-সদৃশ শিরাবিশিষ্ট; কিনারা অভগ্ন; ফলকমূল হৃৎপিণ্ডাকার। পুষ্প—তিন বা বেশী সংখ্যায় একত্র সন্নিবিষ্ট। পাপড়ি বৃতিমণ্ডলের সহিত ঢাকনার আকারে যুক্ত। ফল—স্ফোটক, বৃতিমণ্ডলের অন্তর্গত।

ব্যবহার্য অংশ :—পত্র।

ঔষধার্থে ব্যবহার :—এই গাছের পাতায় সুগন্ধি তৈল আছে এবং শতকরা ১৫ ভাগ রুটিন (ভিটামিন 'পি') নামক এক রাসায়নিক পদার্থ পাওয়া যায়, যাহা রক্তনালীর ভঙ্গুরতাকে দমন করে। ইহার সুগন্ধি তৈল নানাপ্রকার ঔষধ তৈয়ারির কাজে ব্যবহৃত হয়।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

পাতার সুগন্ধি তৈল—শরীর পক্ষে হিতকর।

মন্তব্য :—আয়ুর্বেদে এই বনৌষধির উল্লেখ নাই। এই ভেষজটির পাতা ও ত্বকে প্রচুর পরিমাণে ট্যানিন জাতীয় রাসায়নিক পদার্থ পাওয়া যায়।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. III, p. 214 (1952).

(2) L. H. Bailey, Standard Cyclopaedia of Horticulture Vol. I, p. 1158 (1947).

679. **Eucalyptus macrorhyncha F. Muell (ইউক্যালিপ্টাস)**

GUTTIFERAE

Genus – GARCINIA

680. **G. morella** Desr. (**তমাল**)

ভাষানুসারী নাম :—স্বর্ণক্ষীরী—সংস্কৃত, বাংলা ও হিন্দি। ইরেভালসিন্নি—তামিল, মারাঠী। ইউনানি সম্প্রদায় ইহাকে বলেন—"ওসারায়ে-রে-ওয়ান্দ"।

নামপর্যায় :—তমাল, কুজি-থেকরা, পঙ্কুওভারনি, রুবি-রেভাণ্ড।

গুণপর্যায় :—বিরেচক, মল-সংগ্রাহক, ক্রিমিনাশক, শোথে উপকারী।

জন্মস্থান :—খাসিয়া পর্বতমালা, দক্ষিণভারত, বাংলাদেশ।

বর্ণনা :—পিরামিড আকৃতির ক্ষুদ্র চিরহরিৎ বৃক্ষ। বল্ক—মসৃণ, বাদামী। কচিশাখাগুলি—চতুষ্কোণ। কাষ্ঠ—দৃঢ়, হলদে-বাদামী। পত্র—৮—১১ সে. মি. চওড়া বর্শাকার অথবা ডিম্বাকার। ফলকমূল—উজ্জ্বল, নিম্নতল ফ্যাকাশে। পার্শ্বীয় শিরা-উপশিরা—অত্যন্ত তির্যক, অস্পষ্ট। পত্রবৃন্ত—০·৬ সে. মি.। পুষ্প—সবুজাভ সাদা, বৃন্তহীন। পুংপুষ্প—দুই বা তিনটি একত্র সন্নিবিষ্ট। স্ত্রীপুষ্প—একক, বৃতি এবং চারটি করিয়া দল। দল বৃতি অপেক্ষা দীর্ঘ। পুংপুষ্পে পুংকেশর একত্র সন্নিবিষ্ট। পুংকেশর দণ্ডগুলির তলার দিকে যুক্ত ; উপরাংশ মুক্ত। স্ত্রীপুষ্পে প্রায় বারোটি অপূর্ণ পুংকেশর গর্ভাশয়ের চতুর্দিকে গোলাকারভাবে সজ্জিত ও যুক্ত থাকে। গর্ভাশয়—চারটি প্রকোষ্ঠ বিশিষ্ট। গর্ভমুণ্ড—ছত্রাকার, অসমতল। ফল—ছোট (২ সে. মি.) গোলাকার, স্থায়ী বৃতির দ্বারা আচ্ছাদিত, মসৃণ। বীজ—চারটি, গোল, বৃক্কাকৃতি, সামান্য চাপা, কৃষ্ণাভ বাদামী।

ব্যবহার্য অংশ :—আঠা, কাষ্ঠ ও তৈল।

ঔষধার্থে ব্যবহার :—ইহা বিরেচক ও ক্রিমিনাশক। উদরী ও শোথরোগে এবং অত্যধিক কোষ্ঠবদ্ধতায় বিশেষ উপকারী। মাত্রাধিক্যে পাকস্থলী ও অন্ত্রে বিরক্তিকর বিষক্রিয়ার সৃষ্টি করে ইহার আঠা একক ব্যবহারে তীব্র মোচড়ানো যন্ত্রণা আরম্ভ হইবার সম্ভাবনা। সেইজন্য ইহা অন্যান্য বিরেচক দ্রব্যের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করা বিধেয়। আদিবাসিরা ইহা যে কোন প্রকার যন্ত্রণা এবং ফুলায় প্রলেপ হিসাবে বাহ্য ব্যবহার করেন। তাঁহারা এই গাছের ছোট ছোট ডাল জলের সহিত বাটিয়া ফুসকুড়ি, ব্রণ এবং ফোড়ায় প্রলেপ হিসাবে ব্যবহার করেন (Grey)। ইহা সদ্য ফলপ্রদ। সাধারণ যে কোন জোলাপের তুলনায় ইহা অধিক শক্তিশালী।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

আঠা—বিরেচক ও ক্রিমিনাশক। শোথ, ক্ষতনাশ এবং অত্যধিক কোষ্ঠবদ্ধতায় বিশেষ উপকারী।

মন্তব্য :—সর্বভারতীয় বৈদ্য সম্প্রদায়ে এবং আমাদের 'চরক' ও 'সুশ্রুতে' স্বর্ণক্ষীরী হিসাবে এই বনৌষধিটি গৃহীত হয়। স্বর্ণক্ষীরী সম্বন্ধে চরক সংহিতায় সূত্রস্থানের চতুর্থ অধ্যায়ে যে পঞ্চশত মহাকষায়ের উল্লেখ করা হয়েছে, তার মধ্যে চতুর্থ গুচ্ছে ভেদনীয়বর্গের যে দশটি ভেষজের উল্লেখ, তারই মধ্যে একটি। যদিও তমাল শব্দটি স্বর্ণক্ষীরীর পর্য্যায় বাচক নয়, তবে এটির প্রচলিত নাম তমাল হতে পারে। এই গাছের কাষ্ঠ হইতে আসবাবপত্র প্রস্তুত হয়। ইহা হইতে একপ্রকার তৈল প্রস্তুত হয়—দরিদ্র লোকেরা উহা ঘৃতের পরিবর্তে ব্যবহার করে। এই তৈল জ্বালানী হিসাবে ও ব্যবহৃত হয়। এই গাছের আঠা হইতে তিনটি জৈব অম্ল পাওয়া যায়—α-garcinolic acid, $C_{23}H_{28}O_6$; β-garcinolic acid, $C_{25}H_{32}O_6$ এবং γ-garcinolic acid, $C_{23}H_{28}O_5$. ইহার বীজে শতকরা দশভাগ মোরেলিন (morelin, $C_{33}H_{38}O_7$, m. p. 158-60°) নামক হলুদ রং-এর জৈব পদার্থ পাওয়া যায়। এই প্রসঙ্গে একটি কথা বলা দরকার। Garcinia বর্গের আর একটি গাছ, G. xanthochymus 'তমাল' নামে পরিচিত। তবে বৈজ্ঞানিক প্রণালীতে সনাক্ত করিয়া সহজেই গাছ দুইটির পার্থক্য বোঝা যায়।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. IV, p. 105 (1956); fig. 49.

(2) G. Watt, A Dictionary of the Economic Products of India, Vol. III, p. 472.

(3) J. D. Hooker, Flora of British India, Vol. I, p. 264 (1875).

(4) G. Watt, The Commercial Products of India, p. 554 (1908).

(5) Karanj goakar C. G. , A. V. Ramarao, K. Venkat Raman, S.S. Yemul and K. J. Palmer, Tetrahedron Letters, 4977 (1973); G. S. R. Subbarao, S. Ratnamala, V. Surendranath, V. S. Gupta and P. L. Narasimha Rao, Tetrahedron Letters, 1259 (1971)



680. Garcinia morella Desr. (তমাল)

VERBENACEAE

Genus—LIPPIA

681. **L. nodiflora** Rich. (ভুঁই ওকড়া)

ভাষানুসারী নাম :—ভুঁই-ওকড়া—বাংলা ও হিন্দী ; বতোলিয়া—মারাঠী ; বুকন—ওড়িয়া।

জন্মস্থান :—সারা ভারতবর্ষের আর্দ্র অঞ্চলে এই গাছ জন্মে। ইহা ছাড়া বালুচিস্তান, সিংহল (শ্রীলঙ্কা), মিশর এবং ফিলিপাইন দ্বীপপুঞ্জেও এই গাছ প্রচুর পরিমাণে দেখা যায়।

বর্ণনা :—সতানো বহুশাখাবিশিষ্ট গুল্ম। গ্রন্থিতে মূল উৎপন্ন হয়। পত্র—বিপরীত, ক্ষুদ্র, প্রায় বৃন্তহীন, বিপরীত ডিম্বাকৃতি অথবা লম্বাটে কোদালসদৃশ। পত্রাগ্র তীক্ষ্ণ করাতের মতো। পুষ্প—ক্ষুদ্র, সাদা অথবা ফ্যাকাশে লাল রঙের। পুষ্পবিন্যাস—অক্ষীয় মস্তকাকার গুচ্ছ। ফল—লম্বাটে গোল, শুষ্ক।

ব্যবহার্য অংশ :—সমগ্র গাছ, পাতা।

ঔষধার্থে ব্যবহার :—এই গাছ স্নিগ্ধকর, প্রস্রাবকারক এবং জ্বরনাশক। বাতবেদনা এবং হাঁটুর ব্যথায় ইহা ব্যবহৃত হয়। টাট্‌কা গাছের পুলটিস ফোঁড়াতে লাগাইলে উপকার পাওয়া যায়। পাতা এবং কচি ডাঁটার ক্বাথ শিশুদের বদ্‌হজমে হিতকর; ইহা প্রসূতিদেরও সেবন করানো হয়।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

গাছ—স্নিগ্ধকর, প্রস্রাবকারক, জ্বরনাশক, ফোঁড়াতে উপকারী।

পাতা ও কচি ডাটা—শিশুদের বদ্‌হজমে হিতকর।

মন্তব্য :—ইহার পাতার অ্যালকোহল নির্যাসের বীজাণুনাশক ক্ষমতা আছে। পাতার মধ্যে রুটিন এবং শতকরা আটভাগ ট্যানিন আছে।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. VI, p. 142 (1962).

(2) G. Watt, A Dictionary of the Economic Products of India, Vol. V, p. 78.

(3) J. D. Hooker, Flora of British India, Vol. IV, p. 563 (1885).

(4) D. Prain, Bengal Plants, Vol. II, p. 825 (1903).

(5) K. R. Kirtikar & B. D. Basu, Indian Medicinal Plants, Vol. III, p. 1916 (1935).



681. Lippia nodiflora Rich (কুঁই কাকড়া)

BCU 2817

CENTRAL LIBRARY

GENTIANACEAE

Genus–MENYANTHES

682. **M. trifoliata** Linn. (মেনিয়ান্থেস্ ট্রাইফোলিয়াটা)

ভাষানুসারী নাম :—মেনিয়ান্থেস ট্রাইফোলিয়াটা।

জন্মস্থান :—কাশ্মীর।

বর্ণনা :—বহুবর্ষজীবী জলজ বীরুৎ (herb)। শিকড়গুচ্ছ জলের উপর ভাসমান এবং লতাইয়া যাওয়ার উপযোগী। পত্র—ত্রিফলকযুক্ত। পত্রকগুলি লম্বাটে গোল। পাতার কিনারা অভগ্ন অথবা সামান্য ঢেউখেলানো। পুষ্প—সাদা অথবা নীলাভ। পুষ্পবিন্যাস—লম্বা পুষ্পদণ্ডের অগ্রভাগে অনিয়ত (রেসম জাতীয়)। ফল—গোলাকার স্ফোটক। ফলের মধ্যে মসুর দানার মতো মসৃণ, উজ্জ্বল হরিদ্রাভ অনেক বীজ থাকে।

ব্যবহার্য অংশ :—সমগ্র গাছ, পাতা।

ঔষধার্থে ব্যবহার :—এই গাছ স্বাদে তিক্ত। ইহা টনিক এবং জ্বরনাশক। ইহা ক্রিমি এবং চর্মরোগে ব্যবহৃত হয়।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

গাছ—তিক্ত, টনিক, জ্বরনাশক, ক্রিমিনাশক, চর্মরোগ প্রতিষেধক।

মন্তব্য :—এই গাছের পাতায় শতকরা ০·২ ভাগ ভিটামিন 'সি' আছে। জার্মানী এবং সুইডেনে ইহাকে 'বিয়ার' নামক মদ্য প্রস্তুত করার একটি উপকরণ হিসাবে ব্যবহার করা হয়। ইহা চায়ের পরিবর্তেও ব্যবহার করা হয়। রাশিয়াতে এই গাছ দুঃসময়ের খাদ্য হিসাবেও গ্রহণ করা হয়। এই গাছের মধ্যে মেনিয়ানথিন এবং মেলিয়াটিন নামক দুইটি গ্লুকোসাইড, জাতীয় রাসায়নিক পদার্থ পাওয়া যায়।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. VI, p. 346 (1962).

(2) G. Watt, A Dictionary of the Economic Products of India, Vol. V, p. 232.

(3) J. D. Hooker, Flora of British India, Vol. IV, p. 130 (1885).

(4) K. R. Kirtikar & B. D. Basu, Indian Medicinal Plants, Vol. III, p. 1670; plate 642 B, (1935).

(5) (Mrs.) A. Chatterjee, B. Mukherjee and A. Banerji, Journal of Scientific and Industrial Research, 29, 29 (1970).

Gi 4660

682. Menyanthes trifoliata Linn. (মেনিয়ান্থেস্ ট্রাইফোলিয়াটা)

ACANTHACEAE

Genus—PHLOGACANTHUS

683. P. thyrsiflorus Nees (রামবাসক)

ভাষানুসারী নাম :—রামবাসক—বাংলা ; তিতাফল—আসাম ; চাউ—নেপাল ; ইলোট—গারো পাহাড়।

নামপর্যায় :—সিংহপুচ্ছী।

গুণপর্যায় :—তিক্ত, জ্বরনাশক, রক্তস্রাব বিনাশক, হপিংকাসি নিবারক।

জন্মস্থান :—হিমালয়স্থ গাড়োয়াল হইতে ভুটান পর্যন্ত অপেক্ষাকৃত উষ্ণ পার্বত্য অঞ্চলে এবং আসাম ও খাসিয়ার পাহাড়ে প্রচুর জন্মে। প্রয়োজনে চাষ বা রোপণ করা হয়। Phlogacanthus বর্গের ১০টি প্রজাতি ভারতবর্ষে পাওয়া যায়।

বর্ণনা :—চিরহরিৎ কাষ্ঠল উদ্ভিদ, ০·৯-৩·৬ মিটার উচ্চ হয়। পত্র—মূলস্থ, গোলধরণের বর্শাকার। পুষ্প—কমলা বা ইঁটের ন্যায় লাল বর্ণের। পুষ্পবিন্যাস—বহুশাখাবিশিষ্ট লম্বা প্যানিকল (panicles)। ফল—প্রায় চতুষ্কোণাকৃতি স্ফোটক ; প্রতিটি ফলে ১২-১৪টি বীজ থাকে। কাষ্ঠ—সাদা রঙের, মোটামুটি দৃঢ়।

ব্যবহার্য অংশ :—সমগ্র গাছ, ফুল ও ফল।

ঔষধার্থে ব্যবহার :—রামবাসকের কাথ অতিরজঃ স্ত্রীরোগে বিশেষ ফলদায়ক। ইহার পাতা ও ফল জ্বরনাশক। এই গাছের ফুল অনেকে রান্না করিয়া খায় (Wealth of India, vol. VIII, p. 14)। পাঞ্জাবে এই বনৌষধি বাসকের পরিবর্তে ব্যবহার করা হয়। হপিং কাশিতে রামবাসকের আবিষ্ট বিশেষ উপকারী, অবশ্য মাত্রাবিচারের উপরই ইহার গুণাগুণ নির্ভর করে। একটু বেশী-মাত্রায় ব্যবহার করিলে তন্দ্রা আসে, তবে কোন ক্ষতি হয় না।

Glossary : সংক্ষিপ্ত গুণপরিচয় :—

পাতা ও ফল :—তিক্ত, জ্বরনাশক।

সমগ্র গাছের অরিষ্ট :—রক্তপ্রদর ও হপিং কাশি নিবারক।

মন্তব্য :—অথর্ব বেদে কেবলমাত্র বৃষ বা বাসক (শ্বেত পুষ্প) সম্বন্ধে উল্লেখ দেখা যায় ; কিন্তু পরবর্তীকালে বনৌষধির প্রাচীন গ্রন্থে শ্বেত ও তাম্রবর্ণের পুষ্পভেদে দুই প্রকার বাসকের উল্লেখ আছে। জ্যোতিষশাস্ত্রে শুক্রগ্রহের কোপদৃষ্টি ও তজ্জনিত রোগ প্রশমনের জন্য সিংহপুচ্ছীর (রামবাসক) মূলধারণের কথা উল্লেখ আছে। বাসকের সংগে 'রাম' কথাটির সংযোগ পশ্চিমবঙ্গেই দেখা যায়—এই 'রাম' শব্দটি ইহার শ্রেষ্ঠত্ব ও বৃহত্বের নির্দেশক। আয়ুর্বেদশাস্ত্রে স্ত্রীরোগে এই ভেষজটির বিশেষ গুণের কথা বর্ণনা করা হইয়াছে ; কিন্তু ইহা আজও ভেষজবিজ্ঞানী ও চিকিৎসক সম্প্রদায়ের দৃষ্টিতে বিশেষ আসেনি।

References :—

(1) The Wealth of India, Raw Materials, Vol. VIII, p. 14 (1969) ; fig. 9.

(2) G. Watt, A Dictionary of the Economic Products of India, Vol. V (1), p. 198.

(3) J. D. Hooker, Flora of British India, Vol. IV, p. 512 (1885).

683. Phlogacanthus thyrsiflorus Nees (রামবাসক)

CENTRAL LIBRARY

POLYGONACEAE

Genus—POLYGONUM

684. P. recumbens Royle (বিশল্যকরণী)

ভাষানুসারী নাম :—বিশল্যকরণী—বাংলা, সংস্কৃত।

জন্মস্থান :—ভারতবর্ষের পাহাড়িয়া অঞ্চলে।

বর্ণনা :—অনেক শাখা-প্রশাখা বিশিষ্ট রোমশ উদ্ভিদ্, মাটিতে বিস্তৃত থাকে। পাতা—ঘন সন্নিবিষ্ট, ছোট বোঁটাযুক্ত, ডিম্বাকৃতি, অগ্রভাগ মোটা অথবা নরু। বীজ—কালো, গোড়ার দিকে অপেক্ষাকৃত চওড়া।

ব্যবহার্য অংশ :—সমগ্র উদ্ভিদ্।

